

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৬১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৩]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ঘুমের কারণে অযু করা। যারা বলে এক ঝিমুনি, দুই ঝিমুনি কিংবা সামান্য ঘুমের কারণে অযু আবশ্যিক হয় না

بَابُ الْوُضُوءِ مِنَ النَّوْمِ وَمَنْ لَمْ يَرَ مِنَ النَّعْسَةِ وَالنَّعْسَتَيْنِ أَوْ الْخَفَقَةِ وَضُوءًا

আরবী

عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ قَالَ إِذَا نَعَسَ أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَلْيَنْمَ حَتَّى يَعْلَمَ مَا يَقْرَأُ.
(بخاری: ১৬১)

বাংলা

১৬১) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ তোমাদের কারো যখন নামায অবস্থায় নিদ্রার ভাব হয় তখন সে যেন শুয়ে নিদ্রা যায়। যাতে কি পাঠ করছে তা সে বুঝতে পারে।

টিকাঃ উপরের হাদীছ দু'টি থেকে বুঝা যাচ্ছে, নামায অবস্থায় ঘুমের ভাব হলে নিদ্রা যাবে। তারপর যখন ঘুমের ভাব চলে যাবে তখন উঠে নামায আদায় করবে। হাদীছ থেকে এও বুঝা গেল যে নামাযে বা নামাযের বাইরে নিদ্রার ভাব হলে কিংবা ঝিমালে অযু নষ্ট হয়না।

English

Ablution after sleep. And whoever considers it unnecessary to repeat ablution after dozing once or twice or after nodding once in slumber

Narrated Anas:

The Prophet (ﷺ) said, "If anyone of you feels drowsy while praying, he should sleep till he understands what he is saying (reciting)."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ২১৩

ইসলামিক সেন্টারঃ ২০৭

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88857>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন